গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৫- ৮৭৬ তারিখঃ ১৫ -১২-২০১৬

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৭-১১-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (অক্টোবর/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭-১১-২০১৬ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (অক্টোবর/২০১৬পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নভেম্বর,২০১৬ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থা কলে তা আগামী ২০ -১২-২০১৬ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৮ (আট) পাতা।

১৫/১২/১৬
(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: anarul@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল বিভাগ।
০৪। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৫। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৬। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
০৭। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৮।সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৭-১১-২০১৬ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (অক্টোবর/২০১৬ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | সকাল ০৯.৩০ ঘটিকা। |
| তারিখ | : | ২৭ নভেম্বর, ২০১৬ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৭-১০-২০১৬ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২:** ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৭-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর, ২০১৬ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে উপ-পরিচালক (পিপি) সভাকে অবহিত করেন যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অন্তর্ভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক"** শীর্ষক প্রকল্পের ক্ষেত্রে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভুক্ত উপজেলাসমূহ অন্তর্ভূক্তির বিষয়টি প্রকল্পে ফিজিবিলিটি ষ্টাডি প্রতিবেদন পাওয়ার পরে সম্পন্ন করা হবে। সভাপতি দ্রুত সময়ের মধ্যে রিপোর্ট সম্পন্ন করার জন্য ইতোপূর্বে গঠিত ফিজিবিলিটি কমিটিকে পুনরায় নির্দেশনা প্রদান করেন। সভাকে আরো অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে ছক অনুযায়ী তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি সংশ্লিষ্ট বিভাগীয় সংশ্লিষ্ট উপ-পরিচালকগণকে বিষয়টি মনিটরিং করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার গাড়াগঞ্জে এবং ডাকবাংলা বাজারে ইতোমধ্যে কৃষক দল গঠন, গুদাম পরিচালনা কমিটি ও গুদাম উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। ব্যাংক ঋণের বিষয়ে গাড়াগঞ্জ বাজারে অবস্থিত সোনালী ব্যাংক ও সাধুহাটিতে অবিস্থত অগ্রণী ব্যাংকের সাথে গুদাম পরিচালনা কমিটির সদস্যদের মতবিনিময় সম্পন্ন হয়েছে। শস্য জমা রাখার বিপরীতে ব্যাংক ঋণের আবেদন করলে ঋণ প্রদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয়েছে । ঝিনাইদহ জেলার ডাক বাংলা বাজারের গঠিত গুদাম কমিটি ইতোমধ্যে ভেঙ্গে নতুন কমিটি গঠন করা হয়েছে। আঞ্চলিক ব্যবস্থাপক মাগুরা এর সহযোগিতাই গুদাম চালুকরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। Packaging,

Sorting, Grading এর প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেইনিং সেন্টারের ডিসপ্লে রুমে ব্যানার, ফেস্টুন, ডিসপ্লে বোর্ড ইত্যাদি প্রদর্শনের বিস্তারিত ব্যয় প্রাক্কলন ও নমুনা সংগ্রহের কাজ চলমান আছে মর্মে উপ-প্রকল্প পরিচালক জানিয়েছেন। এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার নিমিত্ত সংশ্লিষ্ট জেলার বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী, শেড ব্যবস্থাপনা কমিটি ও ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করা হয়েছে। প্রকল্পের PCR তৈরীর কার্যক্রম অব্যাহত আছে মর্মে উপ-প্রকল্প পরিচালক জানিয়েছেন।

পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ২০১৫-১৬ অর্থবছরে নির্মিত পোলেরহাট এসেম্বল সেন্টার কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় ১৬-১১-২০১৬ তারিখ উদ্বোধন করেছেন। পর্যায়ক্রমে অবশিষ্ট এসেম্বল সেন্টারগুলো উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মার্চ, ২০১৭ এর মধ্যে ১০০% সম্পন্ন করা হবে। প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করা হবে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন।

সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ)-এর প্রকল্প পরিচালক (অঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ জন্য ডিজাইনসহ প্রাক্কলিত বাজেট অনুমোদনপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলীর সাপোর্ট সার্ভিস, এলজিইডি, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ ও মৌলভীবাজার কর্তৃক টেন্ডার আহ্বান করা হয়েছে। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে স্থাপত্য নকশা প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। তাছাড়া মাটি পরীক্ষা করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ভিডিও ডুকুমেন্টারী নির্মাণের জন্য প্রতিষ্ঠানের তালিকা প্রণয়নপূর্বক RFP বিতরণ করা হয়েছে এবং সার্ভে কার্যক্রম পরিচালনা করার নিমিত্ত TOR প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য ডিএএম বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রাজশাহী সভাকে জানান যে, সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি তদারকী এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন অব্যাহত রয়েছে। ইতোমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক মার্কেট চালু হয়েছে এবং আরো কিছু মার্কেট শীঘ্রই চালু হবে মর্মে তিনি সভাকে জানান। কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবিক্রিত ভ্যান গুলো দ্রুত বিতরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন সভায় দাখিল করেন।

"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"এর কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬-২০১৭ অর্থবছরে মুন্সীগঞ্জ জেলায় ০৫ টি এবং রাজশাহী ও রংপুর অঞ্চলে ১৫ টি সহ মোট ২০ টি আলুর মডেল ঘর নির্মাণের দরপত্র কার্যক্রম সম্পাদন পূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে নির্মিত ১০ টি এবং ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য ২০ টি ঘরে আলু সংরক্ষণ এবং ঘর সংশ্লিষ্ট উপজেলায় ৪০ টি কৃষক বিপণন দল গঠন কার্যক্রম অব্যাহত আছে। ২০১৬-১৭ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তি ও অর্থ ছাড় সাপেক্ষে প্রদর্শনী বোর্ড তৈরী ও স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

৩। **আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

৩.১: সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে এডিপিতে ৩টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে মোট ৭৩৭.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে ইতোমধ্যে উক্ত বরাদ্দের বিপরীতে মোট ২৫৫.৫০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে অক্টোবর/২০১৬ পর্যন্ত সর্বমোট ১৪১.২৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ১৯.১৭%। এছাড়াও "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী" আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ এর বিপরীতে ৫.৭৫ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে অক্টোবর/২০১৬ পর্যন্ত সর্বমোট ১.৪৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৬.২৬%।

**৩.২ ২০১৫-২০১৬ এর আরএডিপি'র সবুজ পাতায়** অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক"** শীর্ষক প্রকল্পের জন্য ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য ফিজিবিলিটি স্টাডি কমিটিকে সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ কর্তৃক সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে দিকনির্দেশনা ও টেলিফোনে যোগাযোগ অব্যাহত রাখতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৩.২.১** | ২০১৫-২০১৬ অর্থ বছরের সবুজ পাতায় অর্ন্তভূক্ত প্রস্তাবিত **"কৃষি পণ্য প্রক্রিয়াকরণ, বাজার সংযোগ ও মূল্য সংযোজন সহায়ক "** শীর্ষক প্রকল্পের জন্য কৃষি মন্ত্রনালয়ের যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পেরিফেরিভূক্ত উপ-জেলা গুলোকে অন্তর্ভূক্ত এবং ফিজিবিলিটি ষ্টাডি প্রতিবেদন সংযুক্ত করে দ্রুত সময়ের মধ্যে DPP টি মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (পিপি) ও আহ্বায়ক প্রকল্পের ফিজিবিলিটি কমিটি |
| **৩.২.২** | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত সবুজ পাতাভূক্ত প্রস্তাবিত প্রকল্পের অন্তর্ভূক্ত জেলাসমূহে (জেলা সদর ছাড়াও নিকটবর্তী উপজেলা) জমি প্রাপ্তির বিষয়ে তথ্য প্রদান এবং নুতন প্রকল্পের জন্য চাহিত তথ্য জরুরী ভিত্তিতে প্রেরণের নিমিত্ত বিভাগীয় উপ-পরিচালকগণ কর্তৃক সংশ্লিষ্ট ডিএমও/ডিএমআইগণকে দিকনির্দেশনা প্রদান অব্যাহত রাখতে হবে। যে সকল জেলাসমূহে জমি পাওয়া যাবেনা তার তথ্য দ্রুত জানাতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |

**৩.৩: মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ১১৮.০০ লক্ষ টাকার বিপরীতে টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ২৯.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে। অক্টোবর, ২০১৬ পর্যন্ত ২৭.২২ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ২৩.০৭%। উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, শস্য জমা রাখার বিপরীতে ব্যাংক ঋণের আবেদন করলে ঋণ প্রদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয়েছে। Packaging, Sorting, Grading বিষয়ে প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেইনিং সেন্টারের ডিসপ্লে রুমে ব্যানার, ফেস্টুন, ডিসপ্লে বোর্ড ইত্যাদি প্রদর্শনের বিস্তারিত ব্যয় প্রাক্কলন ও নমুনা সংগ্রহের কাজ চলমান আছে মর্মে উপ-প্রকল্প পরিচালক জানিয়েছেন। এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার নিমিত্ত সংশ্লিষ্ট জেলার বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী, শেড ব্যবস্থাপনা কমিটি ও ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করা হয়েছে। প্রকল্পের PCR তৈরির কাজ দ্রুত সময় সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৩.১ | প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.২ | প্রকল্পভূক্ত জেলাসমুহে মেলা আয়োজনের মাধ্যমে প্রকল্পের তথ্যভিত্তিক প্রদর্শনীর আয়োজন করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, কুষ্টিয়া ও বিভাগীয় উপ-পরিচালক, খুলনা |
| ৩.৩.৩ | ঝিনাইদহ জেলার ডাক বাংলা বাজারের গুদাম চালুকরণে নবগঠিত গুদাম কমিটি ও আঞ্চলিক ব্যবস্থাপক, মাগুরা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, কুষ্টিয়া ও বিভাগীয় উপ-পরিচালক, খুলনা |
| ৩.৩.৪ | Packaging, Sorting, Grading-এর প্রচার-প্রচারণার নিমিত্ত ট্রেইনিং সেন্টারের ডিসপ্লে রুমে ব্যানার, ফেস্টুন, ডিসপ্লে বোর্ড ইত্যাদি প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.৫ | প্রকল্পের অধীন নির্মিত এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৩.৬ | প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৪: পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ২৮৫.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ১৪২.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে। অক্টোবর, ২০১৬ পর্যন্ত ৭১.২৬ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ২৫.০০%। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করা হবে। ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মার্চ, ২০১৭ এর মধ্যে ১০০% সম্পন্ন করা হবে। প্রকল্পের অধীনে ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়্যার খাতের অর্থের যথোপযুক্ত ব্যবহার বিষয়ে প্রকল্প পরিচালক কর্তৃক সভায় নির্দেশনা চাওয়া হলে সভাপতি সংশ্লিষ্ট সফটওয়্যার ফার্মের সাথে আলোচনাপূর্বক করণীয় নির্ধারণে পরামর্শ প্রদান করেন। প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করা হবে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৪.১ | সমাপ্তকৃত এসেম্বল সেন্টার স্থানীয় প্রশাসন/উপজেলা নির্বাহী কর্মকর্তা/বিভাগীয় উপ-পরিচালক-কে দিয়ে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এসেম্বল সেন্টারগুলোতে সাপ্তাহিক বাজারের পাশাপাশি দৈনিক বাজার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.২ | ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ মার্চ, ২০১৭ এর মধ্যে ১০০% সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৩ | প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়্যার খাতে বরাদ্দকৃত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য ডিপিপি সংস্থানের আলোকে সংশ্লিষ্ট সফটওয়্যার ফার্মের সাথে আলোচনাপূর্বক করণীয় নির্ধারণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

| | | |
|---|---|---|
| ৩.৪.৪ | প্রকল্পের আওতায় ক্রয়কৃত যাবতীয় প্রসেসিং ও মার্কেটিং মেশিনারীগুলো প্রকল্প অফিসেই স্থাপন করার নিমিত্ত বিদ্যমান অফিস স্থানান্তরপূর্বক বড় পরিসরে অফিস স্পেস ভাড়া নিতে হবে, তবে মেশিনারীগুলো পরীক্ষার জন্য সেগুলো সাময়িকভাবে খুলনা বিভাগীয় অফিসে অবস্থিত প্রসেসিং সেন্টারে স্থাপন করা যেতে পারে। এছাড়া র-ম্যাটেরিয়াল ক্রয়ের জন্য একটি স্পেসিপিকেশন তৈরী করে অনুমোদনের ব্যবস্থা করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |
| ৩.৪.৫ | প্রকল্পের PCR প্রস্তুত করার কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) |

**৩.৫: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৩৩৪.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ৮৩.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে। অক্টোবর, ২০১৬ পর্যন্ত ৪২.৭৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ১২.৮১%। প্রকল্প পরিচালক (অঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ জন্য ডিজাইনসহ প্রাক্কলিত বাজেট অনুমোদনপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলীর সাপোর্ট সার্ভিস, এলজিইড, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ ও মৌলভীবাজার কর্তৃক টেন্ডার আহ্বান করা হয়েছে। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে স্থাপত্য নকশা প্রণয়ন প্রক্রিয়াধীন আছে। তাছাড়া মাটি পরীক্ষা করার জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় ভিডিও ডুকুমেন্টারী নির্মাণের জন্য প্রতিষ্ঠানের তালিকা প্রণয়নপূর্বক RFP বিতরণ করা হয়েছে এবং সার্ভে কার্যক্রম পরিচালনা করার নিমিত্ত TOR প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য ডিএএম বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৫.১ | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য এলজিইডিকে তাগিদ প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.২ | সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |
| ৩.৫.৩ | প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী প্রস্তুত করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প |

**৩.৬: এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রাজশাহী জানান যে, সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি তদারকী এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন অব্যাহত রয়েছে। ইতোমধ্যে উল্লেখযোগ্য সংখ্যক মার্কেট চালু হয়েছে এবং আরো কিছু মার্কেট শীঘ্রই চালু হবে মর্মে তিনি সভাকে জানান। কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবিক্রিত ভ্যান গুলো দ্রুত বিতরনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, রংপুর একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন সভায় দাখিল করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৬.১ | সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম (ভ্যান বিতরণ, ব্যানার ইত্যাদি) গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। এছাড়া অবিতরণকৃত ভ্যান বিতরণে করণীয় নির্ধারন করে বাস্তবসম্মত প্রতিবেদন প্রদান করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী। |
| ৩.৬.২ | ক) বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করণের বিষয়ে কর্মপন্থা নির্ধারণসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পুর্ণাঙ্গ প্রতিবেদন প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী কর্তৃক পৃথক পৃথকভাবে দ্রুত সময়ে দাখিল করবেন।<br>খ) যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সেগুলি বিকল্প ব্যবহারের বিষয়ে মতামতসহ একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী |
| ৩.৬.৩ | কর্মসূচী চলাকালীন সময়ে বিতরণকৃত ভ্যান-এর কিস্তি নিয়মিত আদায় এবং অবিক্রিত ভ্যান গুলো দ্রুত বিতরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী |
| ৩.৬.৪ | রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনালের এনসিডিপি বন্ধ মার্কেট চালুকরণ/বিকল্প ব্যবহার প্রসঙ্গে মেয়র, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর বরাবর প্রেরিত পত্রের প্রত্যুত্তরের পর একটি পূর্নাংগ প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে। | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা রংপুর |

**৩.৭: "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"** বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৬-১৭ অর্থ বছরে মোট বরাদ্দ ২৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ৫.৭৫ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং উক্ত বরাদ্দের বিপরীতে অক্টোবর/২০১৬ পর্যন্ত সর্বমোট ১.৪৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৬.২৬%। কর্মসূচী পরিচালক সভাকে আরো অবহিত করেন যে, ২০১৬-২০১৭ অর্থবছরে মুন্সীগঞ্জ জেলায় ০৫ টি এবং রাজশাহী ও রংপুর অঞ্চলে ১৫ টি সহ মোট ২০ টি আলুর মডেল ঘর নির্মাণের দরপত্র কার্যক্রম সম্পাদন পূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে। ২০১৫-২০১৬ অর্থ বছরে নির্মিত ১০ টি এবং ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য ২০ টি ঘরে আলু সংরক্ষণ এবং ঘর সংশ্লিষ্ট উপজেলায় ৪০ টি কৃষক বিপণন দল গঠন কার্যক্রম অব্যাহত আছে। ২০১৬-১৭ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তি ও অর্থ ছাড় সাপেক্ষে প্রদর্শনী বোর্ড তৈরী ও স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে কর্মসূচী পরিচালক জানিয়েছেন। ২০১৫-২০১৬ অর্থ বছরে নির্মিত আলুর ঘরগুলো বুঝে নেওয়ার জন্য একটি কমিটি গঠন করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৭.১ | নির্বাচিত ১০ টি উপ-জেলায় যে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হয়েছে তার ভিডিও চিত্র আগামী ADP সভায় প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.২ | ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে এবং (১০+২০)টি=৩০টি আলুর ঘরে আগামী মৌসুমে আলু সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

| | | |
|---|---|---|
| ৩.৭.৩ | কর্মসূচীর আওতায় যে কৃষক বিপণন দল ইতোমধ্যে গঠন করা হয়েছে ও ভবিষ্যতে হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৪ | যে সকল এলাকায় ইতোমধ্যে আলুর ঘর নির্মাণ করা হয়েছে এবং ভবিষ্যতে নির্মাণ করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ পূর্বক একটি প্রদশর্নী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৫ | কর্মসূচীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | আহ্বায়ক কর্মসূচী মনিটরিং টীম |
| ৩.৭.৬ | কর্মসূচীর আওতায় টিওটি প্রশিক্ষণে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৩.৭.৭ | ইতোমধ্যে কর্মসূচী পরিচালক কর্তৃক প্রেরিত আলুর ঘর ব্যবহার সংক্রান্ত নীতিমালাটি অধিদপ্তরের বিদ্যমান কর্মসূচী মনিটরিং টীমের নিকট হস্তান্তর করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

**৩.৮: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্পের নির্মাণ কাজের সময় গণপূর্ত অধিদপ্তরকে নির্মাণ কাজটি ই-টেন্ডারিং এর মাধ্যমে করার জন্য অনুরোধ করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৮.১ | ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সংস্থাকে অনুরোধ জানাতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৩.৮.২ | সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর,২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

**৪-বিবিধঃ** প্রত্যেক প্রকল্প পরিচালক কর্তৃক সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

বাংলাদেশের চলমান কৃষি উন্নয়ন কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখা এবং তা আরও গতিশীল করে বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশনামতে বরাদ্দকৃত অর্থর যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার জন্য জরুরী পদক্ষেপ নিতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা, পণ্য ,সংস্কার মূলক কার্যক্রম ও কৃষক দল গঠন করা হয়েছে তার পূর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করার জন্য সভাপতি পুনরায় তাগিদ প্রদান করেন। এসকল বিষয় বিভাগীয় উপ-পরিচালকগণ তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন মর্মে নির্দেশনা দেয়া হয়। সভায় উল্লেখ করা হয় যে, অধিদপ্তরের ওয়েবসাইটে সংযোজনের নিমিত্ত যে সকল প্রকল্প/কর্মসূচী হতে গঠিত কৃষক বিপণন দলের তথ্য পাওয়া যায়নি তাদেরকে দ্রুত তথ্য প্রেরণের জন্য পুনরায় তাগিদ প্রদান করা হয়। প্রকল্পের

আওতায় যে সকল ট্রেনিং সেন্টার নির্মাণ করা হয়েছে সেগুলো সুষ্ঠুভাবে চালু কারার জন্য ব্যাপক প্রচার প্রচারণার কার্যক্রম চালাতে হবে। ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি নীতিমালা তৈরী করার জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। অধিদপ্তরের মেকানিকদের কে উক্ত স্থাপনার সাথে সংযুক্ত করতে সভাপতি মহোদয় বিভাগীয় উপ-পরিচালকদের নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া সরকারী নির্দেশনা অনুযায়ী ই-ফাইলিং চালু করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি দুত সময়ের মধ্যে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। ডিসেম্বর,২০১৬ এর মধ্যে APA চুক্তি অনুযায়ী আবশ্যকভাবে ৫০% অগ্রগতি সম্পন্ন করারা বিষয়ে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার ৯৯.৫০ শতাংশের উপরে নিয়ে যাবার জন্য মাননীয় কৃষি মন্ত্রীর নির্দেশনামতে বরাদ্দকৃত অর্থের যথোপযুক্ত ও সময়ানুগ ব্যবহার নিশ্চিত করার জরুরী পদক্ষেপ নিতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.২ | আগামী ডিসেম্বর,২০১৬ এর মধ্যে APA চুক্তি অনুযায়ী আবশ্যকভাবে ৫০% অগ্রগতি সম্পন্ন করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক/প্রকল্প /কর্মসুচী পরিচালক |
| ৪.৩ | সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক দল গঠন করা হয়েছে তার পুর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক |
| ৪.৪ | যে সকল প্রকল্প ও কর্মসূচী হতে গঠিত কৃষক বিপণন দল/কৃষক দল এর তথ্য পাওয়া যায়নি তাদেরকে সংশ্লিষ্ট তথ্য দুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৫ | সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত আকারে ডিসেম্বর/১৬-এর ২য় সপ্তাহের মধ্যে মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৬ | আঞ্চলিক ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো চালু এবং ব্যবহার বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রনয়ণপূর্বক দুততম সময়ের মধ্যে সদর দপ্তরে দাখিল করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৪.৭ | সরকারী নির্দেশনা অনুযায়ী ই-ফাইলিং চালু করার জন্য প্রয়োজনীয় সামগ্রী দুত সময়ের মধ্যে ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৪.৮ | বাংলাদেশ এগ্রিবিজনেস ডেভেলপমেন্ট প্রকল্পের অধীনে ক্রয়কৃত মোটর সাইকেল মেরামত করে যশোর ও রাজশাহী জেলার মার্কেটিং অফিসারদেরকে প্রদান করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।